দৈনিক
ইত্তেফাক

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের সেই শিক্ষক বহিষ্কার!

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের সেই শিক্ষক মিনহাজ উদ্দিন দ্বিতীয় বর্ষের এক শিক্ষার্থীকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার হওয়ার পর তাকে সাময়িক ভাবে বহিষ্কার করা হয়েছে। গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নির্দেশে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. হুমায়ূন কবীর সাক্ষরিত এক পত্রে এই আদেশ দেওয়া হয়।

উল্লেখ্য যে, গত ২ মে নির্যাতিতা শিক্ষার্থী বিভাগীয় ডিন ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর ওই শিক্ষকের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনে ওইদিনই আত্মহত্যার চেষ্টা করে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ট্রেজারার অধ্যাপক এএমএম শামসুর রহমানকে প্রধান করে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করে। ৪ মে ওই শিক্ষার্থী বাদী হয়ে ত্রিশাল থানায় মিনহাজ উদ্দিনের বিরুদ্ধে ধর্ষণের মামলা করে। ৭ মে পুলিশ মিনহাজ উদ্দিনকে গ্রেফতার করে আদালতে পাঠায়। আদালত তাকে জেলহাজতে পাঠায়। এরই মধ্যে গত ৭ মে ময়মনসিংহ মেডিক্যাল কলেজে ওই শিক্ষার্থীর মেডিক্যাল সম্পন্ন করা হয়।

বানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
স্বাক্ষর